From m.s.a

To
The Director
Bangladesh Road Transport Authority
..........................................Dhaka.

I hereby apply for the approval to the establishment of a motor driving school to give instruction and training publicly in the driving of motor vehicles of the following description.

a) Motor cycle.

b) Motor cab rickshaw.

c) Light motor vehicles.

d) Medium motor vehicles.

e) Heavy motor vehicles.

f) Tractor.

g) A vehicle of a specified type (description attached).

Particulars to be furnished by the applicant.

1. Name and style of the motor driving school..........................................................................................
   ..........................................................................................................................................
2. Location of the school (attach a sketch of .......................................................... the locality).
3. What is the total area of the premises?..........................................................................................
4. Give description of the motor vehicles, tools, equipment, machinery, etc, available for giving instructions/ training.
5. Give a blue print of the premises showing approach road, class rooms, office, grounds for elementary training, etc.
6. Are the vehicles fitted with dual controls and granted certificate of fitness?
7. Is there sufficient arrangements for holding classes and imparting elementary training?
8. Is there any objection from the residents or local authority to the establishment of the school ?
9. Full name, name of father or husband:..........................................................................................
   (In the case of married women) of the applicant..........................................................................
10. Nationality..........................................................................................................................
11. Bio-data of the applicant...................................................................................................
12. Are you financially sound? Enclose solvency certificate from any bank and the income tax clearance certificate.
13. Bio-data of the Instructor's and staff to be employed.
14. Has any approval to the establishment of any motor driving school by you previously been withdrawn? If so, for what reasons?
15. Do you have sufficient boarding facilities for the pupils?

I hereby declare that to the best of my knowledge and belief the particulars given above are true.

Note: The applicant must enclose fee of proper denomination and copies of certificates testimonial blue prints etc

Signature of the applicant

Comments of the local Inspector of motor Vehicles

Dated the

Signature

Seal ..................

# মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের রেজিস্ট্রেশনের আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় সংযুক্তিসমূহের তালিকা

- মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের রেজিস্ট্রেশনের আবেদনপত্রের সাথে নিম্নে উল্লিখিত ডকুমেন্টস এর ২ সেট কাগজপত্র দাখিল করতে হবেঃ

১. শ্রেণিকক্ষ, প্রাথমিক প্রশিক্ষণ ইত্যাদি প্রদর্শিত স্কুল এলাকার মোট আয়তনসহ একটি নকশা;

২. নিজস্ব ভূমি হলে প্রয়োজনীয় দলিল এবং কাগজপত্র এর সত্যায়িত ফটোকপি / ভাড়ার ক্ষেত্রে চুক্তিনামার সত্যায়িত ফটোকপি;

৩. প্রশিক্ষণের জন্য যে সব রোড ব্যবহার করা হয় সেগুলোর চিত্র প্রদর্শনপূর্বক বর্ণনা;

৪. প্রশিক্ষণের জন্য যে মাঠ ব্যবহার করা হয় তার চিত্র প্রদর্শনপূর্বক বর্ণনা;

৫. মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি / লিমিটেড কোম্পানি হলে রেজিস্ট্রেশন সনদ, আর্টিকেলস অফ মেমোরেন্ডাম, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি;

৬. মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুল প্রতিষ্ঠার বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কমিশনার; পৌরসভার ক্ষেত্রে মেয়র; ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে চেয়্যারম্যান) এর অনাপত্তিপত্র এর সত্যায়িত ফটোকপি;

৭. মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের অথবা স্কুলের মালিক/ পরিচালক এর আর্থিক সচ্ছলতার প্রমাণপত্র (Financial Solvency Certificate);

৮. মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের মালিক/ পরিচালক এর টিআইএন (TIN) সার্টিফিকেট এবং হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র এর সত্যায়িত ফটোকপি;

৯. মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের প্রশিক্ষকের ইন্সট্রাক্টর লাইসেন্স এর এবং বৈধ পেশাদার ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;

১০. প্রশিক্ষণের কাজে ব্যবহৃত গাড়ির মালিকানার কাগজপত্র এবং হালনাগাদকৃত ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্স টোকেন এবং বিমার কপি (প্রশিক্ষণের কাজে যে মোটরযান ব্যবহার করা হয় তা ডুয়েল কন্ট্রোল সিস্টেম হতে হবে এবং গাড়ির মালিকানার কাগজপত্র ট্রেনিং স্কুলের অথবা স্কুলের মালিক এর নামে হতে হবে; এক্ষেত্রে কোনো ধরনের চুক্তিনামা অথবা অংগীকারনামা গ্রহণযোগ্য হবে না এবং বিআরটিএ এর ডাটাবেসে গাড়িটির মালিকানা  ট্রেনিং স্কুলের অথবা স্কুলের মালিকের নামে থাকতে হবে);

১১. মোটরযানের বিভিন্ন ভিউ সম্বলিত ছবি (উল্লেখ্য যে, ভারী মোটরযানের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের জন্য আবেদনকারী মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের আবশ্যিকভাবে ভারী মোটরযান থাকতে হবে এবং অনুরূপভাবে, হালকা মোটরযানের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের জন্য আবেদনকারী মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের আবশ্যিকভাবে হালকা মোটরযান থাকতে হবে);

১২. জনবলের তালিকা;

১৩. ইনস্ট্রাক্টর ও নিয়োগকৃত কর্মচারিদের নিয়োগপত্রের কপি;

১৪. মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের মালিক/ পরিচালক এর ছবিসহ জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত ফটোকপি , শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত কাগজপত্র এর সত্যায়িত ফটোকপি, এবং চারিত্রিক সনদপত্র এর সত্যায়িত ফটোকপি;

১৫. স্টাফদের এর ছবিসহ জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত ফটোকপি, চারিত্রিক সনদপত্র এর সত্যায়িত ফটোকপি;

১৬. প্রশিক্ষণ এর জন্য স্কুলের ল্যাবে সংরক্ষিত মোটরযানের বিভিন্ন পার্টস এবং মেশিনারিজ এর তালিকা;

১৭. স্কুলের বিভিন্ন আসবাবপত্রের তালিকা;

(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)

১৮. প্রশিক্ষণ সংক্রান্ত রেকর্ডপত্র যেভাবে সংরক্ষণ করা হয় তার বর্ণনা;
১৯. প্রশিক্ষণার্থীদের জন্য আবাসন ব্যবস্থা থাকলে তার বিবরণ;
২০. প্রশিক্ষণ প্রদানের সিলেবাস, প্রশিক্ষণ পদ্ধতি, প্রশিক্ষণ ফি ইত্যাদির বিবরণ (ইন হাউস প্রশিক্ষণ ও আউট ডোর প্রশিক্ষণ (ব্যবহারিক) এর ব্যবস্থাপনার বিস্তারিত বিবরণ থাকতে হবে) ;
২১. মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের জন্য 'প্রশিক্ষণ ম্যানুয়াল'।

**[ উপরে উল্লিখিত ক্রমনম্বর অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিটি ডকুমেন্ট এর উপর সংশ্লিষ্ট ডকুমেন্ট এর ক্রমনম্বর লিখতে হবে]**

- যদি কোনো ক্রমনম্বরে একাধিক ডকুমেন্ট এর উল্লেখ থাকে তাহলে ঐ ডকুমেন্টগুলোর সবগুলোর উপর সংশ্লিষ্ট ক্রমনম্বর লিখতে হবে এবং উক্ত ডকুমেন্টগুলো একসাথে স্ট্যাপল করতে হবে।
- **সকল ডকুমেন্টস দাখিল করতে হবে; অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।**

**বিশেষ দ্রষ্টব্যঃ এম এস এ ফরম (MSA Form) যথাযথভাবে পুরণ করতে হবে। ফরমের নিচে যোগাযোগের নিমিত্ত মোবাইল ফোন নম্বর এবং ইমেইল অ্যাড্রেস (যদি থাকে) লিখতে হবে।**

## মোটর ড্রাইভিং ট্রেনিং স্কুলের রেজিস্ট্রেশনের প্রক্রিয়া

- এম এস এ ফরম (MSA Form) পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র ২ সেট জমা দিতে হয়। ১ সেট কাগজপত্র বিআরটিএ সদর কার্যালয়ে থাকে এবং অন্য সেট সংশ্লিষ্ট সার্কেলে যাচাই এর জন্য সংশ্লিষ্ট সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এর নিকট পাঠানো হয়।
- সংশ্লিষ্ট সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিঃ) বরাবর আবেদনপত্র যাচাই করে ড্রাইভিং স্কুল প্রতিষ্ঠার ব্যাপারে মতামত প্রদানের জন্য পত্র জারি করা হয়। পত্রপ্রাপ্তির পর সংশ্লিষ্ট সার্কেলের মোটরযান পরিদর্শক ড্রাইভিং স্কুলটি সরেজমিনে পরিদর্শন করবেন এবং সকল কাগজপত্র যাচাই করে ড্রাইভিং স্কুল প্রতিষ্ঠার ব্যাপারে প্রতিবেদন সহকারী পরিচালক (ইঞ্জিঃ) বরাবর দাখিল করেন।
- সংশ্লিষ্ট এলাকার পুলিশ এর ট্রাফিক বিভাগ ( জেলাতে অবস্থিত হলে সংশ্লিষ্ট পুলিশ সুপার, মেট্রো এলাকায় অবস্থিত হলে উপ-পুলিশ কমিশনার) এর নিকট ড্রাইভিং স্কুল প্রতিষ্ঠার ব্যাপারে মতামতপ্রদানপূর্বক অনাপত্তিপত্র পাঠানো জন্য অনুরোধ করে বিআরটিএ কর্তৃক পত্র জারি করা হয়।
- সকল কাগপজপত্র ঠিক পাওয়া গেলে এবং সংশ্লিষ্ট সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এর প্রতিবেদন এবং সংশ্লিষ্ট এলাকার পুলিশ এর ট্রাফিক বিভাগ এর অনাপত্তিপত্র পাওয়া গেলে সকল কাগজপত্র মোটর ড্রাইভিং স্কুলের সিলেকশন বোর্ড এর সভাতে উপস্থাপন করা হয়।
- মোটর ড্রাইভিং স্কুলের সিলেকশন বোর্ড এর সভা যেদিন অনুষ্ঠিত হবে তা সকল আবেদনপ্রার্থীদের পত্রের মাধ্যমে অবহিত করা হয় এবং ঐদিন ড্রাইভিং স্কুলের ইন্সট্রাক্টরসহ সকল কাগজপত্রের মূল কপি নিয়ে সভাতে উপস্থিত থাকতে হয়।
- মোটর ড্রাইভিং স্কুলের সিলেকশন বোর্ড সকল বিষয় মূল্যায়ন করে স্কুলটিকে রেজিস্ট্রেশন দেওয়ার জন্য বা না দেওয়ার জন্য সুপারিশ করেন।
- রেজিস্ট্রেশন পাওয়ার জন্য সুপারিশপ্রাপ্ত স্কুলকে সরকার কর্তৃক নির্ধারিত ফি ( পুনরায় নির্ধারিত না হওয়া পর্যন্ত ১৮,১১৩ টাকা) পরিশোধ করে বিআরটিএ এর জন্য নির্ধারিত কপি বিআরটিএতে জমা দিতে হয়।
- ফি প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট ড্রাইভিং স্কুলকে রেজিস্ট্রেশন সনদ এম এস ফরম (MS Form) প্রদান করা হয়।